

## অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

### ১। নাগরিক সেবার তালিকা

অর্থ বিভাগ হতে সরাসরি নাগরিকদের কোন সেবা দেওয়া হয় না;

সরকারি কর্মচারীদের নিম্নরূপ সেবা দেওয়া হয়:

সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতাদি প্রদান

অবসরপ্রাপ্ত সরকারি কর্মকর্তা-কর্মচারীদের পেনশন প্রদান

### ২। সহজিকৃত সেবার নাম:


মাননীয় প্রধানমন্ত্রীর সানুগ্রহ নির্দেশনায় প্রধানমন্ত্রী কার্যালয়ের প্রত্যক্ষ তত্ত্বাবধানে ট্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর কর্তৃক করোনায় ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে আর্থিক সহায়তা প্রদান করা হয়। উক্ত অনুদান প্রদান কার্যক্রমটি অর্থবিভাগের উদ্যোগে G2P পদ্ধতিতে উপকারভোগীর নিকট সরাসরি প্রেরণ করা হয়।

অর্থবিভাগ কর্তৃক সহজিকৃত সেবার নাম-


“EFT সিস্টেমের মাধ্যমে করোনায় ক্ষতিগ্রস্ত পরিবারের মধ্যে আর্থিক সহায়তা প্রদান সহজিকরণ”

### ৩। সেবাটি সহজিকরণের পূর্বের প্রসেস ম্যাপ ও পরের প্রসেস ম্যাপ:

#### সেবাটি সহজিকরণের পূর্বের প্রসেস ম্যাপ:



## সেবাটি সহজিকরণের পরের প্রসেস ম্যাপ



### ৪। সেবাটি সহজিকরণের পূর্বের ও পরের TCV এনালাইসিস তথা (Time, Cost & Visit) এর তুলনা

TCV	সহজিকরণের পূর্বে	সহজিকরণের পরে (EFT-এর মাধ্যমে)
সময়	২৫ দিন	৩ দিন
খরচ	৫৫০/- টাকা	০ টাকা
যাতায়াত	২ বার	০ বার
ধাপ	৬ টি	৩ টি

### ৫। কোন ধরনের এবং কত সংখ্যক স্টেকহোল্ডার / বেনিফিসিয়ারি সেবাটি গ্রহণ করে থাকে?

সারাদেশে করোনায় ক্ষতিগ্রস্ত অসহায় পরিবার সেবাটি গ্রহণ করে। ২০২০-২০২১ অর্থবছরে মোট ৩০,২০,৭৪৩ জন সেবাগ্রহীতাকে সেবা প্রদান করা হয়েছে।

#### ৬। সেবাটি বাস্তবায়নের চ্যালেঞ্জ :

- আর্থিক সহায়তা প্রদানের জন্য যোগ্য ব্যক্তি বাছাইকরণে সমস্যা;
- মাঠ পর্যায় হতে সঠিক তথ্য/উপাত্ত প্রাপ্তিতে সমস্যা;
- আর্থিক সুবিধাভোগী হিসাবে বিবেচিত ব্যক্তির মোবাইল নম্বর তার জাতীয় পরিচয় পত্রের বিপরীতে রেজিস্ট্রেশন না করা;
- বিবেচিত ব্যক্তির মোবাইল না দিয়ে অন্য ব্যক্তির মোবাইল নম্বর প্রদান;
- বাংলাদেশ ব্যাংক হতে ইএফটি কার্যক্রম প্রক্রিয়াকরণে বিলম্ব হওয়া অথবা এক সাথে অধিকসংখ্যক লোকের নিকট মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অর্থ প্রেরণে সমস্যা;
- আর্থিক সুবিধাভোগী হিসাবে বিবেচিত ব্যক্তির মোবাইল ব্যাংকিং এর সঠিক ব্যবহার না জানা; এবং
- প্রকৃত সুবিধাভোগীরা ব্যাংকিং কার্যক্রম সম্পর্কে অজ্ঞতার কারণে প্রতারকদের প্রতারণার স্বীকার হওয়া

#### সেবাটি বাস্তবায়নেরকালে চ্যালেঞ্জসমূহ নিরসনে গৃহীত কৌশল/ব্যবস্থাসমূহ:

- আর্থিক সহায়তা প্রদানের জন্য যোগ্য ব্যক্তি বাছাই করার ক্ষেত্রে স্থানীয় সরকারি/আধা-সরকারি প্রতিষ্ঠানের সহযোগিতা নেওয়া;
- নাগরিকদেরকে তার জাতীয় পরিচয়পত্রের মাধ্যমে মোবাইল রেজিস্ট্রেশন এবং মোবাইল ব্যাংক একাউন্ট খুলতে উৎসাহিত করা (এই ক্ষেত্রে মিডিয়ার সহযোগিতা নেওয়া যেতে পারে);
- বাংলাদেশ ব্যাংকের ইএফটি প্রক্রিয়াকরণের সক্ষমতা বৃদ্ধি করা;
- মোবাইল ব্যাংকিং এর সঠিক ব্যবহারে সম্পর্কিত তথ্যবহুল সচেতনামূলক প্রচারণা কার্যক্রম পরিচালনা করা (এই ক্ষেত্রে মিডিয়ার সহযোগিতা নেওয়া যেতে পারে); এবং
- প্রকৃত সুবিধাভোগীরা যাতে অর্থ প্রাপ্তির ক্ষেত্রে কোন ধরণের প্রতারণার স্বীকার না হন সেই লক্ষ্যে সচেতনামূলক প্রচারণা কার্যক্রম পরিচালনা করা।

#### ৭। সেবাটির প্রচারণা ও টেকসইকরণের কর্মপরিকল্পনা এবং তা বাস্তবায়নে গৃহীত ব্যবস্থাসমূহ:

- সকল নাগরিকদের সমন্বয়ে সেন্ট্রাল ডাটাবেজ তৈরি করা;
- মোবাইল ব্যাংকিং সেবা প্রদানকারী MFS গুলোর সাথে অর্থ বিভাগের **Application Programming Interface (API)** স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা;
- এক ক্লিকে সকল সুবিধাভোগীর নিকট আর্থিক সাহায্য প্রেরণের জন্য বাংলাদেশ ব্যাংকের ইএফটির সক্ষমতা বৃদ্ধি করা;
- দূত সময়ের মধ্যে সহযোগিতা প্রদানের জন্য প্রকৃত গ্রাহকদের নিকট হতে সরাসরি ডাটা এন্ট্রির জন্য **Apps** উদ্ভাবন করা; এবং
- নাগরিকদের সেবা সম্পর্কিত সচেতনতামূলক প্রচারণা কার্যক্রম চলমান রাখা।